

২০২০

বাংলা

(বাংলা ভাষাতত্ত্ব)

পর্ব - ১.৩

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১৫ নম্বরের প্রশ্নের উত্তরের জন্য A4 সাইজের দেড় পাতা (অনধিক ৩৫০ শব্দ) এবং ৫ নম্বরের প্রশ্নের উত্তরের জন্য A4 সাইজের অর্ধেক পাতা (অনধিক ১৫০ শব্দ) লেখা বাঞ্ছনীয়। ৮ টি পাতার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়। প্রতি পাতায় রোল নং ও পৃষ্ঠা সংখ্যা লেখা আবশ্যিক।

বিভাগ - ক

দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫×২=৩০

১। ভাষাতত্ত্বের প্রকারভেদে ধ্বনিতত্ত্ব (Phonology), রূপতত্ত্ব (Morphology), বাক্যতত্ত্ব (Syntax) ও শব্দার্থ তত্ত্ব (Semantics) সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

অথবা

বাংলা ভাষায় ফারসি ও তুর্কি প্রভাব কতটা পড়েছে তা উদাহরণসহ বুঝিয়ে দাও। ১৫

২। মধ্যবাংলা ভাষার কালসীমা ও নিদর্শন সমূহের পরিচয় দিয়ে আদি-মধ্যবাংলা ও অন্ত্য-মধ্যবাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের তুলনামূলক আলোচনা করো।

[পরের পাতায়]

অথবা

বাংলা ভাষার জন্ম ও ইতিহাসের বিষয়টি রেখচিত্র সহ সংক্ষেপে বুঝিয়ে দাও। ১৫

৩। সংক্ষিপ্ত টীকা লেখো (দুটি) :

৫×২=১০

ক) সংস্কৃত ভাষা বাংলা ভাষার জননী নয়

অথবা

মাগধী প্রাকৃতের সঙ্গে বাংলা ভাষার সম্পর্ক।

খ) অত্যাধুনিক বাংলাভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য

অথবা

পশুপাখির ডাক-আর্তনাদ, মোটর গাড়ির হর্ন ইত্যাদি ভাষা নয়।

বিভাগ - খ

দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫×২=৩০

৪। বাগযন্ত্রের চিত্র অঙ্কন করে বিভিন্ন বাক্যপ্রত্যঙ্গের পরিচয় দাও।

অথবা

ভাষাবিজ্ঞানচর্চায় সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও সুকুমার সেনের অবদানের তুলনামূলক আলোচনা করো। ১৫

৫। বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের স্বরূপ, সংজ্ঞাসহ বিশ্লেষণ করো।

অথবা

বেতার ও টিভির ভাষার স্বরূপ আলোচনা করে উভয়ের মধ্যে
পার্থক্য বুঝিয়ে দাও। ১৫

৬। সংক্ষিপ্ত টীকা লেখো (দুটি) : ৫×২=১০

ক) রবীন্দ্রনাথের বাংলা ভাষাচর্চা

অথবা

চমস্কির ব্যাকরণের সাধারণ বৈশিষ্ট্য

খ) বাংলা অব্যয়ের গঠন ও শ্রেণিবিভাগ

অথবা

পত্র-পত্রিকার ভাষা
